

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৮২

পর্ব-৮: কুরআনের মর্যাদা (ناعران)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ التَّالِثُ

আরবী

وَعَنْ عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عَلَيْهِ وَسلم يجب هَذِهِ السُّورَةَ (سَبِّحِ اسْمِ رَبِّكَ الْأَعْلَى) رَوَاهُ أَحْمد

বাংলা

২১৮২-[৭৪] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূরা ''সাব্বিহিস্মা রবিবকাল আ'লা-'' ভালবাসতেন। (আহমদ)[1]

ফুটনোট

[1] খুবই দুর্বল : আহমাদ ৭৪২, য'ঈফাহ্ ৪২৬৬, য'ঈফ আল জামি' ৪৫৪২। কারণ এর সানাদে সুওয়ার ইবনু আবী ফাখিতাহ্ একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূরা আল আ'লা-কে ভালবাসতেন', এর ব্যাখ্যায় মুল্লা 'আলী কারী (রহঃ) বলেন, সহীহুল বুখারী সহ অন্যান্য গ্রন্থে ''উমার কর্তৃক বর্ণিত ঐ হাদীস যাতে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূরা আল ফাৎহ সম্পর্কে বলেছেন, (هي أحب إلي مما طلعت عليه الشمس) ঐ সূরাটি আমার নিকট পৃথিবীর সবচেয়ে প্রিয়; সূরা আল আ'লা-এর প্রতি ভালবাসা ঐ সূরা আল ফাৎহ-এর প্রতি ভালবাসার সাথে অতিরিক্ত ভালবাসা হিসেবে এবং তারই সমকক্ষ ভালবাসা হিসেবে বিবেচিত হবে। কেননা সূরা আল ফাৎহ-কে অতিরিক্ত ভালবাসার কারণ হলো এতে রয়েছে মক্কা বিজয়ের সুসংবাদ এবং মাগফিরাতের ইশারা আর সূরা আল আ'লা-য় রয়েছে সকল কঠিন কাজকে সহজ করে দেয়ার ওয়া'দা, এজন্য নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিত্র সালাতের প্রথম রাক্'আতে সর্বদাই সেটা পাঠ করতেন।



অথবা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এ সূরাটি ভালবাসার কারণ হলো এ আয়াতটিঃ إِنَّ هَٰذَا لَفِي الْأُولَى * صُحُفُ إِبْرَاهِيْمَ وَمُوسَى এটি আহলে কিতাব ও মুশরিকদের ওপর এ কথার সাক্ষয দানকারী যে আল কুরআন হক বা সত্য এবং মানবমন্ডলীর জীবন পথের প্রামাণ্য দলীল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন